

## সেগ্রিগেটেড অ্যাকাউন্ট ব্যবহারের ক্ষেত্রে পাবলিক অফার চুক্তির সম্পূরক চুক্তি।

- এই সম্পূরক চুক্তিটি ইন্সটাফরেক্স গ্রুপ(কোম্পানি হিসেবে পরিচিত) এবং ট্রেডিং অ্যাকাউন্টের সত্ত্বাধিকারীদের মধ্যে করা হয়েছে, যা সেগ্রিগেটেড অ্যাকাউন্ট হিসেবে পরিচিত( গ্রাহকের কাছে)। এই সম্পূরক চুক্তিটি অফিস কর্তৃক প্রদত্ত এবং ইন্টারনেটে সহজেই পাওয়া যায়। গ্রাহকের সেগ্রিগেটেড অ্যাকাউন্ট সেবা গ্রহণের ক্ষেত্রে [S-1](#) ফরম পাঠানোর পূর্বে এই চুক্তিটি অবশ্যই ভালোভাবে পড়তে হবে। বর্তমান সম্পূরক চুক্তির শর্ত অনুযায়ী কোম্পানির গ্রাহক সহায়তা সেবা বিভাগ গ্রাহকদের চুক্তিটি অনুমোদন করে পূরণকৃত S-1 ফর্মটি গ্রহণ করবে।
- S-1 ফরমের রশিদ এবং কোম্পানির বিবেচনার প্রেক্ষিতে গ্রাহককে সেগ্রিগেটেড অ্যাকাউন্ট সেবা প্রদান করা হয়। যদি S-1 ফরম সঠিকভাবে পূরণ করা হয় এবং গ্রাহক সেগ্রিগেটেড অ্যাকাউন্ট সেবার সকল প্রয়োজনীয়তা পূরণ করে, তাহলে গ্রাহকদের ট্রেডিং অ্যাকাউন্টে কোম্পানির কাস্টমার সাপোর্ট সার্ভিস সেগ্রিগেটেড অ্যাকাউন্ট সেবা প্রদান করে।
- গ্রাহক সেগ্রিগেটেড অ্যাকাউন্ট সেবা গ্রহণের সকল প্রয়োজনীয়তা পূরণ করে:
  - পূরণকৃত S-1 ফরম পাঠানোর সময় বা পাঠানোর পরে, গ্রাহককে ব্যাংক বিবরণীর কপি পাঠাতে হবে যা দ্বারা প্রমাণিত হবে যে গ্রাহকের অ্যাকাউন্টে ৫০০০০ মার্কিন ডলারের সম পরিমাণ বা তার অধিক পরিমাণের মার্কিন ডলার বা অন্য কোন মুদ্রা রয়েছে [segregated-accounts@instaforex.com](mailto:segregated-accounts@instaforex.com)।
- কোম্পানির কাস্টমার সাপোর্ট সার্ভিস কর্তৃক গ্রাহকদের ট্রেডিং অ্যাকাউন্টে সেগ্রিগেটেড অ্যাকাউন্ট সেবা প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হলে, দুই সপ্তাহের মধ্যে গ্রাহকের প্রাথমিক আমানতের ৩০% জমা করতে হবে। গ্রাহকের কাছে থেকে প্রাথমিক আমানত পাওয়ার পর, কোম্পানি গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্টে দুইবার অর্থ জমা করবে:
  - প্রাথমিক আমানতের ৩০%;
  - সুদ-বিহীন শর্তে প্রাথমিক আমানতের ৭০%।
- কোম্পানি যেদিন গ্রাহকের অ্যাকাউন্টে প্রাথমিক আমানতের ৩০% জমা করবে সেইদিনই প্রাথমিক আমানতের ৭০% জমা করবে।
- সেগ্রিগেটেড অ্যাকাউন্ট সেবার মাধ্যমে মানুষের নিয়ন্ত্রণ থেকে ট্রেডিং অ্যাকাউন্টের বাড়তি সুরক্ষা প্রদান করা হয়।
  - গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্টে ট্রেড খোলার জন্য পর্যাপ্ত পরিমাণ অর্থ থাকতে হবে। গ্রাহকের জমা করা অর্থের লোকসান হলে সেই লোকসানের ঘটতি পূরণের জন্য গ্রাহকের কাছে অতিরিক্ত অর্থ থাকতে হবে।
  - গ্রাহক যদি ট্রেডিং অ্যাকাউন্টে অর্থ জমা করতে না পারে, তাহলে কোম্পানি চলমান বাজার মূল্যে সকল পজিশন বন্ধ করে দিতে পারে এবং গ্রাহকের অ্যাকাউন্ট থেকে সেগ্রিগেটেড অ্যাকাউন্ট সেবা বাতিল করে দিতে পারে।
  - কোম্পানি এরপরও গ্রাহকের অ্যাকাউন্ট কার্যকর রাখতে পারে যদি অ্যাকাউন্টের জমা মোট জমা ২০% এর অধিক থাকে।
- গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্ট থেকে প্রাথমিক জমার ৭০% অর্থ তুলে নেওয়া হলে সেগ্রিগেটেড অ্যাকাউন্ট সেবা বাতিল হয়ে যাবে।
- ট্রেডিং অ্যাকাউন্টে সেগ্রিগেটেড অ্যাকাউন্ট সেবা কার্যকর করার ক্ষেত্রে কিছু সীমাবদ্ধতা রয়েছে:
  - সর্বোচ্চ লিভারেজ ১:২০০।
  - প্রাথমিক জমার ৭০% উত্তোলন করা যাবে না।

**8.3.** সুদের হার প্রযোজ্য নয়।

**8.4.** গ্রাহক কোম্পানিকে যে অর্থ প্রদান করবে শুধুমাত্র সেই অর্থের উপর ব্যাংক গ্যারান্টি প্রদান করা হতে পারে।

**8.5.** সেগ্রিগেটেড অ্যাকাউন্ট সেবা কার্যকর হলে প্রতিটি ট্রেডিং অ্যাকাউন্টের জন্য পৃথকভাবে সর্বনিম্ন ট্রেডের পরিমাণ নির্ধারণ করা হবে এবং এর পরিমাণ সর্বনিম্ন ১.০ লট( প্রধান মুদ্রা জোড়ার জন্য পিপের মূল্য ১ মার্কিন ডলারের সম পরিমাণ হবে)।

**8.6.** সেগ্রিগেটেড অ্যাকাউন্টে কোন বোনাস প্রদান করা হয় না।

**8.7.** গ্রাহক যদি সেগ্রিগেটেড অ্যাকাউন্ট থেকে মুনাফাসহ অর্থ উত্তোলনের জন্য আবেদন করে তাহলে বর্তমান সম্পূরক চুক্তিটি বাতিল বলে গণ্য হবে।

**8.8.** সেগ্রিগেটেড অ্যাকাউন্ট সেবাভুক্ত ট্রেডিং অ্যাকাউন্ট নিম্নলিখিত সেবাগুলো গ্রহণ করতে পারবে না: প্যাম সিস্টেম, ফরেক্সকপি সিস্টেম, ভিপিএস হোস্টিং এবং ইন্সটাওয়ালেট সিস্টেম।

**9.** বর্তমান সম্পূরক চুক্তির শর্তসমূহ এবং গ্রাহক ট্রেডিং অ্যাকাউন্ট খোলার সময় যে পাবলিক অফার চুক্তি মেনে নিয়েছিলো তার উপর ভিত্তি করে উভয় পক্ষের মধ্যকার সকল বিবাদ মীমাংসা করা হবে।

## **10. ভাষা**

**10.1.** এই চুক্তির ভাষা ইংরেজি।

**10.2.** গ্রাহকের সুবিধার জন্য কোম্পানি বর্তমান চুক্তি অন্য ভাষায় প্রদান করতে পারে । অনূদিত সংস্করণ শুধু তথ্য প্রদানের জন্য।

**10.3.** যদি বর্তমান চুক্তির অনূদিত সংস্করণ ও ইংরেজি সংস্করণের মধ্যে পার্থক্য দেখা দেয়, তাহলে ইংরেজি সংস্করণ প্রাধান্য পাবে।